ঝিনাইদহের ৪টি সংসদীয় আসনে শান্তিপূর্ণ ভাবে ভোট গ্রহণ চলছে

ঝিনাইদহের ৪টি সংসদীয় আসনে শান্তিপূর্ণ ভাবে ভোটগ্রহণ শুরু হয়েছে। সকাল ৮টায় জেলার ৪টি সংসদীয় আসনের ৬ উপজেলার ৫৮৫টি ভোটকেন্দ্রে ভোটগ্রহণ শুরু হয়। সকাল থেকে তীব্র শীত উপেক্ষা ভোট দিতে আসছেন নানা বয়সী নারী-পুরষ।

ভোটকেন্দ্রগুলোর বাইরেও যেন উৎসব চলছে।নিরাপত্তার চাদরে মোড়ানো ৪টি আসনের প্রতিটি কেন্দ্রেই বেলার বাড়ার সাথে সাথে ভোটার উপস্থিতি বাড়ছে।

এদিকে নির্বাচন অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে বিপুল সংখ্যক আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে।

এবারের নির্বাচনে ৪টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছেন মোট ২৬ জন প্রার্থী। নির্বাচনে ৫৮৫টি ভোটকেন্দ্রে ১৫ লাখ ১ হাজার ৪’শ ৮০ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। এর মধ্যে পুরুষ ভোটার ৭ লাখ ৫৪ হাজার ৬৭০ জন, নারী ভোটার ৭ লাখ ৪৬ হাজার ৭৯৮ জন ও হিজড়া ভোটার রয়েছে ১২ জন।

দর্শনায় শান্তিপূর্ণ ভাবে এসএসসি ও সমমান পরিক্ষা সম্পন্ন

সারাদেশের ন্যায় চুয়াডাঙ্গার দর্শনায় শান্তিপূর্ণ ভাবে এস,এস,সি ও সমমানের পরিক্ষা সম্পন্ন হয়েছে। এ পরিক্ষায় দর্শনা পৌরসভা সহ পার্শ্ববর্তী ইউনিয়নের মোট ৮টি বিদ্যালয় অংশ গ্রহণ করেন ৬৪৪ জন শিক্ষার্থী। এ পরিক্ষায় কোন বহিস্কার না হলেও পরিক্ষার প্রথম

দিনে পরিক্ষাকেন্দ্রে অনুপস্থিত ছিল ১২ পরিশিক্ষার্থী।

আজ রবিবার সকাল ১০ টা থেকে দুপুর ১টা পর্যন্ত চুয়াডাঙ্গার দর্শনার দুটি কেন্দ্রে এসএসসি ও সমমানের পরিক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয। প্রথম দিনে অনুষ্ঠিত হয় বাংলা প্রথম পত্র। এ কেন্দ্র দুটি মেমনগর বিপ্রদাস (বিডি) মাধ্যমিক বিদ্যালয় ও দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

পরিক্ষার প্রথম দিনে বাংলা প্রথমপত্রে মেমনগর বিপ্রদাস (বিডি) মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩৭৬ জন। এ পরিক্ষায় অংশ গ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩৭২ জন। অনুপস্থিত ছিল ৪ জন। অন্যদিকে দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র দু’টিতে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২৬৮ জন। পরীক্ষায় অংশ গ্রহণকারী পরীক্ষার্থীর ছিল ২৬০ জন। এ দুটি পরিক্ষা কেন্দ্রে অনুপস্থিত পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১২ জন। দর্শনার উভয় পরিক্ষার কেন্দ্রে বহিষ্কারের কোন ঘটনা ঘটেনি। তবে পরিক্ষার প্রথম পত্রে দুটি কেন্দ্রে অনুপস্থিত ছিল ১২ জন শিক্ষার্থী।

দর্শনার দুটি পরিক্ষা কেন্দ্রে পরিক্ষায় অংশ গ্রহণ করেন দর্শনা দক্ষিণ চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়, কেরু উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মেমনগর বিপ্রদাস (বিডি) মাধ্যমিক বিদ্যালয়, আলহেরা ইসলামী বিদ্যালয়, দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দামুড়হুদার পারকৃষ্ণপুর- মদনা ইউনিয়নের কামাড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়, মদনা মাধ্যমিক বিদ্যালয়, বড় বলদিয়া মাধ্যমিক বিদ্যালয়।

অনুষ্ঠিত পরিক্ষার প্রথম দিন কেন্দ্র পরিদর্শন করেছেন দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু।

দর্শনা বিপ্রদাস (বিডি) মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ নাসির উদ্দিন জানায়, দর্শনায় এসএসসি পরিক্ষার দুটি কেন্দ্রের সুপার হিসাবে মেমনগর (বিডি) মাধ্যমিক বিদ্যালয়ের দায়িত্বে রয়েছেন শিক্ষক ইকরামুল হক ও মাধ্যমিক বালিকা (গার্লস) বিদ্যালয়ে হাসমত আলী। এ দুটি পরিক্ষা কেন্দ্রে মোট ৬৪৪ জন পরিক্ষার্থীর মধ্য পরিক্ষায় ১২ জন কম অংশগ্রহণ করছে।